

২০১৬ - ১৭ সালের ছাত্র সংসদের নির্বাচন সংক্রান্ত নিয়মাবলী

(১) (ক) যে সমস্ত ছাত্রছাত্রী তৃতীয় বর্ষে শুধুমাত্র সাময়িক ভাবে (Provisional Admission) ভর্তি হয়েছে কিন্তু চূড়ান্ত ভাবে ভর্তি (Final Admission) হয়নি তাদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হবে না এবং তারা ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না।

(খ) যে সমস্ত ছাত্রছাত্রী পাট-২তে ভর্তি হয়নি তাদের নাম ভোটার তালিকায় থাকবে না এবং তারা ভোটাধিকার প্রয়োগ করতে পারবে না। যে সমস্ত ছাত্রছাত্রী ১১ই জানুয়ারী ২০১৭ (বেলা ২ ঘটিকার মধ্যে) এর মধ্যে ভর্তি হবে, এ নিয়ম তাদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।

পাট-২ এর যে সকল ছাত্রছাত্রীর নাম চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছে, তারা পাট-১ পরীক্ষা ২০১৬ -এ অকৃতকার্য হলে ; যদি তারা প্রার্থী হয়, তাদের প্রার্থীপদ বাতিল বলে বিবেচিত হবে। উক্ত প্রার্থীপদের জন্য পুনরায় নির্বাচন হবে।

(২) প্রত্যেক ছাত্রছাত্রীকে Photo Identity Card এবং Acknowledgement Card দেখিয়ে নির্বাচনের দিন কলেজের দ্বিতীয় গেট, রামকৃষ্ণ বঙ্গালয়ের পাশ দিয়ে কলেজে প্রবেশ করতে হবে। কলেজের গেট খোলা থাকবে সকাল ১০:৩০মি: থেকে বেলা ১২টা পর্যন্ত। বেলা ১২টার পর কোন ছাত্রছাত্রী কলেজে প্রবেশ করতে পারবে না। বেলা ১২:১০ মি: থেকে ভোট গ্রহণ প্রক্রিয়া শুরু হবে এবং বেলা ৩টায় শেষ হবে। যদি কোন শ্রেণী কক্ষে বেলা ৩টের পরেও ছাত্রছাত্রী উপস্থিত থাকে, সে ক্ষেত্রে তাদের ভোটদান সম্পূর্ণ না হওয়া অবধি ভোট গ্রহণ চলবে।

(৩) ভোট গ্রহণ করা হবে নির্বাচন কমিশন নির্ধারিত কলেজ শ্রেণী কক্ষে।

(৪) ভোট গ্রহণের দিন কোনও ছাত্রছাত্রীই নির্বাচন কমিশন ঘোষিত নির্ধারিত শ্রেণীকক্ষ ছাড়া অন্য কক্ষে প্রবেশ করতে পারবে না। ভোট গ্রহণের দিন কলেজ ক্যাম্পাস সহ শ্রেণীকক্ষের অভ্যন্তরে কোন ধরনের প্রচার সম্পূর্ণ নিষিদ্ধ। কোন ছাত্রছাত্রী এই নিয়ম লঙ্ঘন করলে তার ভোট দানের অধিকার বাতিল বলে গণ্য হবে।

(৫) সমস্ত শ্রেণী কক্ষে ভোট শেষ হয়ে যাবার পর ঐ নির্দিষ্ট শ্রেণী কক্ষেই ভোট গণনা শুরু হবে।

(৬) গণনা শেষ হবার পর নির্বাচন কমিশনের চেয়ারম্যান লিখিতভাবে ফলাফল ঘোষণা করবেন।

(৭) নির্বাচন ফল সংক্রান্ত কোন অভিযোগ থাকলে নির্বাচন কমিশনের কাছে ঐ দিনেই ফলাফল ঘোষণার পর লিখিতভাবে তা জানাতে হবে। নির্বাচন কমিশনের সিদ্ধান্তই এব্যাপারে চূড়ান্ত বলে গণ্য হবে।

(৮) ভোট গণনার সময়ে নির্বাচন প্রার্থী নিজে অথবা তার মনোনীত একজন প্রতিনিধি উপস্থিত থাকতে পারবে।

(৯) প্রত্যেক প্রার্থীকে তার নির্বাচন অথবা গণনার এজেন্ট মনোনয়ন ৩০/০১/২০১৭ তারিখে বেলা ১২:৩০ মি: এর মধ্যে নির্দিষ্ট করে নির্বাচন কমিশনের চেয়ারম্যানকে জানিয়ে দিতে হবে।

(১০) একজন ছাত্র/ছাত্রী কেবলমাত্র একটি মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবে। মনোনয়ন পত্র সংগ্রহ করার সময় কলেজের পরিচয় পত্র (Photo Identity Card) পেশ করা আবশ্যিক। কোন একজন ছাত্র/ছাত্রীকে একাধিক মনোনয়ন পত্র দেওয়া হবে না।

১১) মনোনয়নপত্র জমা দেবার সময় অবশ্যই যথাযথভাবে পূরণ করা মনোনয়নপত্রের সাথে প্রার্থী এবং তার প্রস্তাবক ও সমর্থক এর Photo Identity Card ও Acknowledgement Card-এর প্রতিলিপি যুক্ত করতে হবে। অন্যথায় মনোনয়নপত্রটি বাতিল বলে গণ্য হবে।

(১২) একজন ছাত্র/ছাত্রী নিজ নিজ শ্রেণীর একের বেশী মনোনয়ন পত্র প্রস্তাব ও সমর্থন করতে পারবে না। এই বিধি ভঙ্গ করে একাধিক মনোনয়ন পত্র প্রস্তাব বা সমর্থন করলে ঐ মনোনয়নপত্র গুলিই বাতিল হয়ে যাবে।

- ১৩) ভোটের দিন ছাত্রছাত্রীদের বেলা ১০:৩০টা - ১২টার মধ্যে কলেজে প্রবেশ করতে হবে। ভোটদান সম্পন্ন হলে ভোটদাতাকে কলেজ ক্যাম্পাস পরিত্যাগ করতে হবে।
- (১৪) সর্বোপরি নির্বাচন সংক্রান্ত যাবতীয় বিতর্ক দেখা দিলে নির্বাচন কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত।
- (১৫) ভোট প্রক্রিয়া শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য সকল ছাত্রছাত্রীর সহযোগিতা একান্ত কাম্য।
- (১৬) ৩১/০১/২০১৭ তারিখে কোন ছাত্রছাত্রী মোবাইল ফোন নিয়ে কলেজ অভ্যন্তরে প্রবেশ করতে পারবেনা।
- (১৭) ছাত্র সংসদ এর ধারা ৪/২ অনুযায়ী প্রত্যেক প্রার্থীকে জানুয়ারী ২০১৭ অবধি সকল মাহিনা ও ফি কর্তৃপক্ষ দ্বারা নির্ধারিত তারিখ (১১/০১/২০১৭) (বেলা ৩ ঘটিকার মধ্যে) এর অবশ্যই জমা করতে হবে, অন্যথায় প্রার্থীপদ খারিজ হবে।
- (১৮) চূড়ান্ত ভোটের তালিকায় নাম না থাকলে নির্বাচন সংক্রান্ত কোন ব্যাপারে অংশগ্রহণ করা যাবে না।
- (১৯) নির্বাচন কমিশন দ্বারা লটারীর মাধ্যমে নির্দিষ্ট দিন ও সময়েই প্রচার কার্য চালান যাবে।
- (২০) কলেজ ক্যাম্পাসের অভ্যন্তরে নির্দিষ্ট বোর্ড ছাড়া কোন পোস্টার বা দেওয়াল লিখন নিষিদ্ধ।

Budger 16/1/17

Chairman
Election Commission
Budge Budge College